শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.৯৯.০৪০.২১- ৫৪৪

তারিখ : ২৭ অগ্রহায়ণ ১৪২৮
১২ ডিসেম্বর ২০২১

বিষয় : বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাস্টের সদস্য করণ।

সূত্র: বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাস্ট এর স্মারক নং-কল্যাণ-পম/১৩, তারিখ: ২১/১১/২০২১খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বারদের কল্যাণার্থে গত ১০/০৫/২০০০ তারিখে "বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাস্ট" গঠন করা হয় যাহা জয়েন্ট স্টক কোম্পানী কর্তৃক নিবন্ধিত, নিবন্ধন নং-এস.২৫৪৯(১৪২)০১। একই তারিখে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা উক্ত কল্যাণ ট্রাস্টকে অনুদান হিসেবে ১.০০ কোটি (এক কোটি) টাকা প্রদান করেন। উক্ত অনুদান এবং চেয়ারম্যান ও মেম্বারদের এককালীন চাঁদা দিয়ে ট্রাস্টের কার্যক্রম শুরু হয়। উক্ত ট্রাস্টের মাধ্যমে মৃত চেয়ারম্যান পরিবারকে এককালীন ০২ (দুই) লক্ষ টাকা এবং মৃত মেম্বার পরিবারকে ০১ (এক) লক্ষ টাকা সহায়তা প্রদান করা হচ্ছে। এছাড়া বর্তমান বা সাবেক কোন চেয়ারম্যান/মেম্বার দুর্ঘটনায় শারীরিকভাবে পঙ্গু হলে বা কঠিন রোগে আক্রান্ত হলে উক্ত চেয়ারম্যান/মেম্বার-কে চিকিৎসা সুবিধাদিসহ অন্যান্য সাহায্য ও সহযোগিতা প্রদান করা হচ্ছে।

০২। বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাস্ট এর কার্যক্রম পরিচালনার জন্য একটি গঠণতন্ত্র রয়েছে। গঠণতন্ত্র অনুযায়ী ১১ (এগার) সদস্য বিশিষ্ট ট্রাস্ট পরিচালনা কমিটি রয়েছে। দেশের সকল সাবেক ও বর্তমান ইউপি চেয়ারম্যান ও মেম্বার উক্ত ট্রাস্টের সদস্য হতে পারবেন। সেক্ষেত্রে নির্ধারিত ফরম পূরণপূর্বক জনতা ব্যাংক, জিরো পয়েন্ট শাখার হিসাব নং-৮০৩৩৫ (অনলাইন নম্বর-০১০০০১৯০৮৭৫৯৪) এ সরাসরি/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে এককালীন নির্ধারিত ফি (চেয়ারম্যান-৫০০০/-, মেম্বার-২০০০/-) প্রদান করতে হবে। ট্রাস্টের নমুনা সদস্য ফরম এতদসঙ্গে প্রেরণ করা হল। কল্যাণ ট্রাস্টের অর্থে সদস্যগণের জন্য আরো বিভিন্ন কল্যাণমূলক কাজ করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। বিস্তারিত জানার জন্য জনাব মো: বেলায়েত হোসেন গাজী বিল্লাল, সভাপতি, বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সমিতি ও সদস্য-সচিব, (ট্রাস্টি বোর্ড) বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাস্ট (মোবাইল নং-০১৭২৭-২৩৬৩৬২) এবং জনাব গোলাম মোস্তফা ফটিক, দপ্তর সচিব, বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাস্ট এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো (মোবাইল নং ০১৭২৬-৩৯৬৩২৬)।

০৩। এমতাবস্থায়, "বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাস্ট" এর সদস্য হওয়ার লক্ষ্যে তাঁর জেলায় নবনির্বাচিত সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/মেম্বার এর শপথ গ্রহণ অনুষ্ঠানে ট্রাস্টের ফরম বিতরণসহ সকলকে ট্রাস্টের সদস্য পদ গ্রহণ নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: নমুনা সদস্য ফরম।

12/12/2021

(ড. মলয় চৌধুরী)
অতিরিক্ত সচিব (ইউপি)
স্থানীয় সরকার বিভাগ
ও
চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড
"বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাস্ট"
ফোন : ৯৫১৪৬৩২

জেলা প্রশাসক (সকল)
-----------------জেলা।

অ:প:দ্র:

E:\All Documents\Union Parishad-2\General\Note & Letter\Letter-1-439

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.৯৯.০৪০.২১- ৫৪৪

তারিখ : ২৭ অগ্রহায়ণ ১৪২৮ / ১২ ডিসেম্বর ২০২১

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি)----------------------জেলা।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সদস্য-সচিব, বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাস্ট ও সভাপতি, বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সমিতি।
৭। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। অফিস কপি।

(মো: আকবর হোসেন)
উপসচিব
ফোন : ৯৫১৪১৯০
lgup2@lgd.gov.bd

E:\All Documents\Union Parishad-2\General\Note & Letter\Letter-1-440

# বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাষ্ট

কেন্দ্রীয় কার্যালয়ঃ ২৪/১, বিজয় নগর, (সবিতা বিলাস) ৪র্থ তলা, ঢাকা-১০০০।
নিবন্ধন নং- এস.২৫৪৯(১৪২)০১।

স্মারক নং-কল্যাণ-পম/১৩ তারিখঃ ২১/১১/২০২১ ইং।

বরাবর,
সিনিয়র সচিব মহোদয়
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ জনাব ড. মলয় চৌধুরী, অতিরিক্ত সচিব (ইউপি), স্থানীয় সরকার বিভাগ।

**বিষয়ঃ** নব-নির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বারদের 'বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাষ্ট' এর আজীবন সদস্য পদ গ্রহণের জন্য সকল জেলা প্রশাসকগণকে পত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন অনুবিভাগ এর স্মারক নং- ৪৬.০৩৬.০০৩.০০.০০.০০৫.২০১২-২২৩৫, তারিখ: ২২/০৮/২০১৩ ইং।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, আপনি অবগত আছেন যে 'বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাষ্ট' দীর্ঘদিন যাবৎ বাংলাদেশের সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বারদের কল্যাণে কার্যক্রম করে আসছে। উক্ত সংগঠনটি মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কর্তৃক ২০০০ সালের ১০ই মে প্রদত্ত ১,০০,০০,০০০/-(এক কোটি) টাকা এবং চেয়ারম্যান-মেম্বারদের আজীবন সদস্য ফি দ্বারা গঠিত তহবিল হইতে কার্যক্রম করে আসছে। ইতিপূর্বে মাননীয় স্থানীয় সরকার মন্ত্রী মহোদয় এবং আপনার উপস্থিতিতে মৃত চেয়ারম্যানের পরিবারকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ও মেম্বারদের পরিবারকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা করে এবং অসুস্থ চেয়ারম্যান ও মেম্বারদের সর্বনিম্ন ১০,০০০/- (দশ হাজার) টাকা হতে সর্বোচ্চ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা করে প্রায় ৩৭,০০,০০০/- (সাইত্রিশ লক্ষ) টাকা অনুদান প্রদান করেছি। যারা ট্রাষ্টের সদস্য পদ গ্রহণ করেন, তাদেরকেই উক্ত সুবিধা প্রদান করা হয়। এমতাবস্থায়, কল্যাণ ট্রাষ্টের তহবিল বৃদ্ধি এবং দেশের সকল ইউপি চেয়ারম্যান ও মেম্বারদেরকে সেবা প্রদানের লক্ষ্যে দেশের সকল ইউপি চেয়ারম্যান ও মেম্বারগণ উক্ত ট্রাষ্টের সদস্য হওয়া প্রয়োজন। উল্লেখ্য যে, চেয়ারম্যানদের সদস্য পদে ফি এককালীন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং মেম্বারদের সদস্য পদে ফি এককালীন ২,০০০/- (দুই হাজার) টাকা।

অতএব, উক্ত বিষয়ে বর্তমান নব-নির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বারগণকে শপথ গ্রহণকালীন সময়ে উক্ত ট্রাষ্টের সদস্য পদ গ্রহণ করার নির্দেশনা প্রদান করে দেশের সকল জেলা প্রশাসকগণের মাধ্যমে উপজেলা নির্বাহী কর্মকর্তাদেরকে পত্র প্রেরণের জন্য বিনীত অনুরোধ করছি।

ডাইরী নং...................... তারিখ ঃ ২২/১১/২১
প্রয়োজনীয় কার্যার্থে/জ্ঞাতার্থে প্রেরিত হইল
ইউপি..........................১/২ শাখা
প্রশাসন-১/২ শাখা
অতিরিক্ত সচিব (ইউপি)
স্থানীয় সরকার বিভাগ

২২/১১/২০২১

মোঃ বেলায়েত হোসেন গাজী (বিল্লাল)
সদস্য সচিব, ট্রাষ্টি বোর্ড
'বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাষ্ট'
সভাপতি- বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সমিতি
চেয়ারম্যান, ৮নং বাগাদী ইউনিয়ন পরিষদ
চাঁদপুর সদর, চাঁদপুর।
মোবাইলঃ ০১৭২৭-২৩৬৩৬২, ০১৭১৮-০৫৯৬৯৪।

সংযুক্তঃ সূত্রোক্ত পত্রের ফটোকপি।

পাসপোর্ট সাইজের ছবি ১টি

ফরম-২

# বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাষ্ট

কেন্দ্রীয় কার্যালয়: ২৪/১, বিজয় নগর, (সবিতা বিলাস) ৪র্থ তলা, ঢাকা-১০০০।
নিবন্ধন নং- এস.২৫৪৯(১৪২)০১।

## সদস্য পদের জন্য আবেদন

আমি ইউনিয়ন পরিষদের একজন সাবেক ও বর্তমান চেয়ারম্যান/সদস্য/সদস্যা হিসাবে দায়িত্ব পালন করেছি বা করছি। আমি বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাষ্টের সদস্য হতে আগ্রহী। আমার তথ্যাদি নিম্নরূপ:

নাম ঃ...........................................................................................

পিতার নাম ঃ...........................................................................................

মাতার নাম ঃ...........................................................................................

জন্ম তারিখ ঃ...........................................................................................

ইউনিয়ন পরিষদের ঠিকানাঃ...........................................................................................

স্থায়ী ঠিকানা ঃ...........................................................................................

মনোনয়ন ঃ আমার মৃত্যুর পর কল্যাণ ট্রাষ্টের নিকট আমার প্রাপ্য সমুদয় সম্পদ পরিশোধের জন্য জনাব/বেগম ...........................................................................কে মনোনীত করিলাম। মনোনীত ব্যক্তির পিতা/স্বামীর নাম:..................................., মাতা: ........................ মনোনীত ব্যক্তির সঙ্গে সম্পর্ক: .............

ঠিকানা ঃ...........................................................................................

আমার উপরোক্ত তথ্যাদি বিবেচনা করে বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বার কল্যাণ ট্রাষ্ট এর সদস্য হওয়ার জন্য কল্যাণ ট্রাষ্টের গঠনতন্ত্র অনুযায়ী ধার্য্যকৃত এককালীন চাঁদা পরিশোধ করতঃ ট্রাষ্টের সদস্য হইতে ইচ্ছুক এবং কল্যাণ ট্রাষ্টের সকল নিয়মাবলী মেনে চলতে বাধ্য থাকিব।

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর ও পদবী
মোবইল নং-

---

............................ তারিখে কল্যাণ ট্রাষ্টের সিদ্ধান্ত অনুযায়ী জনাব ................................................... এর আবেদন বিবেচনা পূর্বক ............................ তারিখ হতে কল্যাণ ট্রাষ্ট্রের সদস্য হিসাবে অন্তর্ভূক্ত করা হলো।

সদস্য সচিব, ট্রাষ্টি বোর্ড

ষ্ট্যাম্প সাইজের ছবি ২টি

চেয়ারম্যান, ট্রাষ্টি বোর্ড

<u>কল্যাণ ট্রাষ্টের সদস্যদের জন্য সুবিধাদিঃ-</u>

ক) যেকোন সময়ে একজন সাবেক অথবা বর্তমান চেয়ারম্যান মারা গেলে তার পরিবার ০২ (দুই) লক্ষ টাকা ট্রাষ্ট হতে অনুদান পাবে।
খ) যে কোন সময়ে সাবেক অথবা বর্তমান সদস্য/সদস্যা মারা গেলে তার পরিবার ১.০০ (এক) লক্ষ টাকা ট্রাষ্ট হতে অনুদান পাবে।
গ) যে কোন সময়ে সাবেক বা বর্তমান চেয়ারম্যান/সদস্য/সদস্যা শারিরীকভাবে পঙ্গু হলে বা কঠিন রোগে আক্রান্ত হলে উক্ত চেয়ারম্যান/ সদস্য/সদস্যা চিকিৎসা সুবিধা সহ অন্যান্য সাহায্য সহযোগিতা পাবে।
ঘ) কল্যাণ ট্রাষ্টের সদস্যপদ গ্রহণ না করলে ট্রাষ্ট হতে কোন সুবিধা পাওয়া যাবে না।
ঙ) সাবেক-বর্তমান মেম্বার ও চেয়ারম্যান ছিল বা আছে মর্মে স্ব স্ব ইউপির চেয়ারম্যানের প্রত্যয়নপত্র সদস্য ফরমের সাথে জমা দিতে হবে।

---

সদস্য ফি এককালীনঃ- চেয়ারম্যান ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং সদস্য/সদস্যা প্রতি ২,০০০/- (দুই হাজার) টাকা।
জনতা ব্যাংক লিঃ জিরোপয়েন্ট শাখা, ঢাকা হিসাব- ৮০৩৩৫ ডিডি করে অথবা নগদ জমার রশিদ এই ফরমের সাথে জমা দিতে হবে।
**ব্যাংক হিসাব অনলাইন নং-০১০০০১৯০৮৭৫৯৪।** অফিস মোবাইলঃ ০১৭২৬-৩৯৬৩২৬।